

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৩২.২০১৬-৯২৭

তারিখ : ০৯/১১/২০১৬খ্রিঃ

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করণার্থে সকল জেলায়, উপজেলায় সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশের সকল গৃহহীন মানুষকে ২০১৯ সালের মধ্যে গৃহে পুনর্বাসনের ঘোষণা দিয়েছেন। তাঁর অতিমানবিক এ ঘোষণা বাস্তবায়নকল্পে আন্তরিকতার সাথে কাজ করা প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের একান্ত কর্তব্য।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর বর্ণিত ঘোষণা বাস্তবায়নকল্পে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে গৃহহীনদের তালিকা প্রণয়ন করার জন্য ইতোমধ্যে ০৭(সাত) টি পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত তালিকা প্রস্তুত করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) মহোদয় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সকল জেলা প্রশাসককে নির্দেশনা দিয়েছেন। প্রকল্প কার্যালয় হতেও প্রায় প্রতিদিনই জেলা প্রশাসকগণকে টেলিফোনে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। কিন্তু এখন পর্যন্ত অনেক জেলা হতেই তালিকা পাওয়া যায়নি।

০৩। প্রেরিত পত্রগুলোতে গৃহহীনদের ০৩(তিন)টি শ্রেণীতে বিভক্ত করে তালিকা তৈরি করতে বলা হলেও অনেক জেলা হতেই গৃহহীনদের শ্রেণী বিভক্ত করে তালিকা তৈরি করা হয়নি। যাদের জমি বা ঘর কোনটিই নেই তাদের “ক” শ্রেণী, যাদের (১-১০) শতাংশ জমি আছে কিন্তু কোন প্রকার ঘরই নেই এবং ঘর বানানোর সামর্থ্যও নেই তাদের “খ” শ্রেণী এবং যাদের (১-১০) শতাংশ জমি ও জরাজীর্ণ, বসবাসের অযোগ্য ঘর আছে তাদের “গ” শ্রেণীভুক্ত করে তালিকা প্রস্তুত করতে বলা হয়েছে।

০৪। “খ” তালিকাভুক্ত গৃহহীনদের তাৎক্ষণিকভাবে তার নিজ জমিতে ঘর তৈরি করে দেয়া হবে। কিন্তু “ক” শ্রেণী ও “গ” শ্রেণীর গৃহহীনদেরও পুনর্বাসন করতে হবে। “ক” শ্রেণীর গৃহহীনদের পুনর্বাসনের জন্য ব্যারাক নির্মাণের প্রস্তাব প্রেরণপূর্বক প্রচুর সংখ্যক ব্যারাক নির্মাণ করতে হবে। ফলে ২০১৯ সালের মধ্যে কীভাবে তাঁর জেলা/উপজেলার সকল গৃহহীনকে গৃহে পুনর্বাসন করা যায় সে বিষয়ে স্থানীয় পর্যায়ে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

০৫। বর্ণিতাবস্থায়, তাঁর জেলা/উপজেলার সকল গৃহহীনকে পুনর্বাসনকল্পে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক ৩০ নভেম্বর/২০১৬ তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হলো।



(এস এম হামিদুল হক)  
উপ-প্রকল্প পরিচালক

☎ : ৯১১৪৩২১

E-mail: ashrayanpmo@gmail.com  
www.ashrayanpmo.gov.bd

জেলা প্রশাসক (সকল)

----- জেলা

অনুলিপিঃ

০১। বিভাগীয় কমিশনার (সকল)

----- বিভাগ।

০২। মুখ্যসচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল)।

----- উপজেলা।

০৪। প্রকল্প পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা (প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫। অফিস কপি।

D\Arif Mo\letter